বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
বনশিল্প ভবন
সংস্থাপন শাখা
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
Website: www.bfidc.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | বিএফআইডিসির ফেব্রুয়ারি, ২০২৬ এর সমন্বয় সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | ড. ফাহমিদা খানম, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)(অতিরিক্ত দায়িত্ব) |
| তারিখ | : | ২৫/০২/২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ৯:৩০টা |
| স্থান | : | বিএফআইডিসি সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকল কর্মকর্তা কর্মচারীর পরিচয় প্রদান করা হয় এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | ২৭-০১-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন আপত্তি বা সংশোধনী আছে কিনা জানতে চাইলে সহকারি ব্যবস্থাপক (মাঠ), রাবার বিভাগ জানান যে, কার্যবিবরণীর আলোচ্যসূচি -১৩ এ মাসের নাম অক্টোবর এর স্থলে ডিসেম্বর হবে এবং পরিচালক(পরি. ও উন্ন) জানান যে, "প্রকল্প সংক্রান্ত" আলোচ্যসূচী -৮ এর সিদ্ধান্ত -৯ এ টাঙ্গাইল-শেরপুর জোনের বাগান ভিত্তিক গাছ লাগানোর বিষয়ে উল্লেখ করা হলেও চট্টগ্রাম ও সিলেট জোনের সে বিষয়ে বর্ণনা নেই। প্রকল্প পরিচালক গত সভার কার্যবিবরণীতে নিম্নোক্ত অংশটুকু যুক্ত করার অনুরোধ করেন,<br><br>চট্টগ্রাম জোনের দাঁতমারা রাবার বাগানে ২০.০ একর তারাখোঁ রাবার বাগানে ৫.০ একর , কাঞ্চননগর রাবার বাগানে ৭.০ একর , রাঙ্গামাটিয়া রাবার বাগানে ১০.০ একর, হলদিয়া রাবার বাগানে ৫.০ একর ডাবুয়া রাবার বাগানে ২০.০ একর, রাউজান রাবার বাগানে ৩.০ একর, রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগানে ২০.০ একর এবং রামু রাবার বাগানে ১০.০ একরসহ মোট ১০০.০ একর অতিরিক্ত পুনঃবাগান সৃজন করতে হবে। সিলেট জোনের বিভিন্ন বাগানে ৮৫০.০ একর এর পরিবর্তে মোট ৫৭০.০ একর বাগান সৃজন করতে হবে।<br>এছাড়া অন্য কোন সংশোধনী নেই মর্মে সকলে একমত প্রকাশ করেন। | ২৭-০১-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি-১৩ এ মাসের নাম অক্টোবর এর স্থলে ডিসেম্বর প্রতিস্থাপন করা হলো এবং প্রকল্প সংক্রান্ত আলোচ্যসূচী -৮ এর সিদ্ধান্ত -৯ এ নিম্নোক্ত অংশটুকু যুক্ত করে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো:<br>চট্টগ্রাম জোনের দাঁতমারা রাবার বাগানে ২০.০ একর তারাখোঁ রাবার বাগানে ৫.০ একর , কাঞ্চননগর রাবার বাগানে ৭.০ একর , রাঙ্গামাটিয়া রাবার বাগানে ১০.০ একর, হলদিয়া রাবার বাগানে ৫.০ একর ডাবুয়া রাবার বাগানে ২০.০ একর, রাউজান রাবার বাগানে ৩.০ একর, রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগানে ২০.০ একর এবং রামু রাবার বাগানে ১০.০ একরসহ মোট ১০০.০ একর অতিরিক্ত পুনঃবাগান সৃজন করতে হবে। সিলেট জোনের বিভিন্ন বাগানে ৮৫০.০ একর এর পরিবর্তে মোট ৫৭০.০একর বাগান সৃজন করতে হবে। | সচিব, বিএফআইডিসি |
| ২. | সকল বিভাগ/ শাখার পেন্ডিং চিঠিপত্র | সচিব, বিএফআইডিসি সভায় সকল চিঠির অগ্রগতি সম্পর্কে অবহিত করেন এবং রাবার বিভাগ চট্টগ্রাম জোনের নিম্নোক্ত ৩টি পেন্ডিং পত্র নিয়ে আলোচনা করেন।<br>চট্টগ্রাম জোন :<br>পত্র নং — তারিখ — বিষয়<br>৪৮ — ১৬-০১-২০২৬ — ৩৫পিছ ডানেজ ক্রয়<br>৪৯ — ১৬-০১-২০২৬ — ৪০ পিছ ডানেজ ক্রয়<br>৬৫ — ২২-০১-২০২৬ — সাবমার্সিবল পাম্প ক্রয়<br><br>সভায় জানানো হয় যে, জনাব মো: মিজানুর রহমান, উচ্চ বিভাগীয় সহকারি (প্রশাসন), সিলেট জোন, শ্রীমঙ্গল এঁর চাকুরী | ১। বিএফআইডিসি সদর দপ্তরের সকল বিভাগ/ শাখার পেন্ডিং চিঠিপত্র যথাসময়ে নথিতে উপস্থাপন ও নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।<br>২। উচ্চতর স্কেল প্রদানের বিষয়ে বোর্ড কর্তৃক নির্দেশনার আলোকে কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>৩.১। প্রত্যেক কর্মচারীর সার্ভিস বুক এর ছায়ালিপি এবং ডিজিটাল কপি গোপনীয়তা বজায় রেখে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>৩.২। ব্যবস্থাপক(পার্সোনেল) আগত সার্ভিস বুক এর ছায়ালিপি এবং ডিজিটাল কপি গোপনীয়তার সাথে সংরক্ষণ করবেন। | ১। পরিচালক (সকল)<br>২। সচিব, বিএফআইডিসি<br>৩। মহাব্যবস্থাপক (সকল)<br>৪। রাবার বাগান/ ইউনিট / শাখা প্রধান (সকল)<br>৫। অধ্যক্ষ, বিটিসি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | বহি খোঁজে পাওয়া গিয়েছে। উচ্চতর স্কেল প্রদানের সুপারিশ প্রাপ্ত কর্মচারিদের বিধি বিধানের আলোকে অফিস আদেশ জারি করা এবং প্রত্যেক কর্মচারীর সার্ভিস বুকের ছায়ালিপি এবং ডিজিটাল কপি সদর দপ্তরে প্রেরণ এবং ব্যবস্থাপক(পার্সোনেল) কর্তৃক তা গোপনীয়তার সাথে সংরক্ষণ করা প্রয়োজন। এছাড়া BPPA হতে ডাবুয়া রাবার বাগান এবং রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগানের টেন্ডার এর PE এর ID সৃজনের ব্যবস্থা নেয়া প্রয়োজন।<br><br>সভাপতি উচ্চতর স্কেল প্রদানের বিষয়ে বোর্ড কর্তৃক সুপারিশ প্রাপ্ত কর্মচারিদের বিধি বিধানের আলোকে প্রাপ্যতার তারিখ থেকেই কার্যকর মর্মে অফিস আদেশ জারি, প্রত্যেক কর্মচারীর সার্ভিস বুকের ছায়ালিপি এবং ডিজিটাল কপি সদর দপ্তরে প্রেরণ এবং ব্যবস্থাপক(পার্সোনেল) কর্তৃক তা গোপনীয়তার সাথে সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অন্যান্য সকল পেন্ডিং চিঠিপত্র দ্রুত নথিতে উপস্থাপন ও নিষ্পত্তির বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ৪। Bangladesh Public Procurement Authority (BPPA) হতে ডাবুয়া রাবার বাগান এবং রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগানের ইজিপির টেন্ডারের নিমিত্ত Procuring Entity (PE) এর ID সৃজনের ব্যবস্থা নিতে হবে।<br>৫। ব্যক্তিগত নথি, সার্ভিস বুক সংশ্লিষ্ট দপ্তরসমূহের প্রশাসন শাখায় রক্ষিত থাকবে এবং এর নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br>৬। এছাড়া অন্যান্য সকল পেন্ডিং চিঠিপত্রের বিষয়ে উইং প্রধানগণ প্রতি মাসে সভা করে ফলোআপ করবেন এবং সভায় উপস্থাপন করবেন। | ৬। ব্যবস্থাপক (পা:) |

## পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | **GPMS ( Government Performance Monitoring System)** | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে GPMS- এ সংস্থা পর্যায়ে কোন কার্যক্রম রাখা হয়নি। তথাপি মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে GPMS- এর ছক অনুযায়ী বিএফআইডিসি'র কর্মপরিকল্পনাসমূহ প্রেরণ করা হয়েছে। কেবিনেটে পাঠানো হয়েছে। এখনো কাজ শুরু হয় নি।<br>সভাপতি, সরকারের নির্দেশনামতে সময়ে সময়ে জারীকৃত Government Performance Monitoring System এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। সরকারের নির্দেশনামতে Government Performance Monitoring System এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। মিজ্ মাহমুদা জেসমিন, ব্যবস্থাপক, (প. ও উ.) ফোকাল্ট পয়েন্ট<br>২। ফৌজিয়া জাফরিন, ব্যবস্থাপক (হিসাব), বিকল্প ফোকাল পয়েন্ট |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম ২০২৫-২৬ বাস্তবায়ন | সভাপতি জিপিএমএস বিষয়ে ক্যাবিনেট হতে জারিকৃত প্রজ্ঞাপনে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন রয়েছে কী না তা যাচাই করে পরবর্তী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। সরকারের নির্দেশনামতে বিএফআইডিসি-তে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে। | ১। মিজ্ সাকেনা খাতুন, উপব্যবস্থাপক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২। মিজ্ তাছলিমা আক্তার, সহ-ব্যবস্থাপক (হিসাব), এমআইএস শাখা, বিকল্প ফোকাল পয়েন্ট |
| ৩. | তথ্য অধিকার আইন -২০০৯ বাস্তবায়ন | সভাপতি, তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক আগামী ৭ কর্মদিবসের মধ্যে এ বিষয়ে প্রশিক্ষণ কর্মপরিকল্পনা দাখিল করার এবং জনাব মো: মাসুদ রানা, সহকারী প্রকৌশলী এর পরিবর্তে জনাব মোহাম্মদ আব্দুল বাকি, ব্যস্থাপক(পা:) (চ: দা:) ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব পালন করবেন মর্মে নির্দেশনা দেন। | ১। তথ্য অধিকার আইন-২০০৯ মোতাবেক আগামী ৭ কর্মদিবসের মধ্যে এ বিষয়ে প্রশিক্ষণ কর্মপরিকল্পনা দাখিল করতে হবে।<br>২। জনাব মো: মাসুদ রানা, সহকারী প্রকৌশলী এর পরিবর্তে জনাব মোহাম্মদ আব্দুল বাকি, ব্যস্থাপক(পা:) (চ: দা:) ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। | ১। মোহাম্মদ আব্দুল বাকি, ব্যবস্থাপক (পা:) তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, সিটিজেন চার্টার সময়ে সময়ে আপডেট করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৫-২৬ মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে।<br>সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করা এবং হালনাগাদ তথ্য সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | ১। জনাব তন্ময় বিশ্বাস, সহকারী প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫. | জীবন চক্র হারানো রাবার গাছ কর্তনের মাস্টারপ্ল্যান বাস্তবায়ন | ব্যবস্থাপক (পরি. ও উন্ন.) জানান যে, ১০ বছর মেয়াদি মাস্টারপ্ল্যানে বর্ণিত কর্মসূচীসমূহ দ্বি-বার্ষিক কর্মসূচী ও চলমান রাবার প্রকল্পে অন্তর্ভূক্ত করা হয়েছে।<br>সভাপতি মাস্টারপ্ল্যান এবং দ্বি-বার্ষিক কর্মসূচি ও নতুন অনুমোদিত রাবার প্রকল্পের কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে অর্থবছর ভিত্তিক কর্মসূচি বাস্তবায়নের নির্দেশনা দেন। | ১। ১০ বছর মেয়াদী জীবনচক্র হারানো রাবার গাছ কর্তনের মাস্টারপ্ল্যান বাস্তবায়নে গুরুতর সমস্যা সমাধানের লক্ষ্যে বিষয়গুলোর বিস্তারিত জানিয়ে প্রয়োজনে পৃথক অনুমোদন নিতে হবে।<br>২। ১০ বছর মেয়াদী জীবনচক্র হারানো রাবার গাছ কর্তনের মাস্টারপ্ল্যান এবং দ্বি-বার্ষিক কর্মসূচি ও নতুন অনুমোদিত রাবার প্রকল্পের কর্মপরিকল্পনার সাথে সংগতি রেখে অর্থবছর ভিত্তিক কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক (পরি. ও উন্ন.)<br>২। মহাব্যবস্থাপক (পরি. ও উন্ন.)/ (রাবার)<br>৩। মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, মধুপর/সিলেট/ চট্টগ্রাম জোন<br>৪। বাগান প্রধান (সকল) |
| ৬. | দ্বিবার্ষিক কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি | দ্বি-বার্ষিক কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের ৩ টি জোন ৩৯.৫ একর নার্সারী সৃজন করা হয়েছে। টাঙ্গাইল-শেরপুর জোনে ১৩১.০ একর পুন:বাগান দ্বি-বার্ষিক কর্মসূচির আওতায় বাস্তবায়ন করা হবে। প্রকল্পের অধীনে ৩ (তিনটি) রাবার জোনে ১৪৬৫.০ একর পুনঃবাগান সৃজন করা হবে।<br>সভাপতি দ্বি-বার্ষিক কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা দেন। | ১। দ্বি-বার্ষিক কর্মসূচিতে অধিক বাগান সৃজনের অনুমোদন অনুযায়ী দ্রুত জীবনচক্র হারানো রাবার গাছ বিধিমতে অপসারণ করতে হবে। প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত দ্বিবার্ষিক কর্মসূচির সাথে সংগতি রেখে অনুমোদিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক (পরি. ও উন্ন.)<br>২। মহাব্যবস্থাপক (পরি. ও উন্ন.)/ (রাবার)<br>৩। মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, মধুপর/সিলেট/ চট্টগ্রাম জোন<br>৪। বাগান প্রধান (সকল) |
| ৭. | নার্সারি নতুন/পুন: বাগান সৃজন | সভাপতি মহাব্যবস্থাপকগণকে ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশ দেন।<br>সরকারের ২৫ কোটি নতুন গাছ লাগানোর পরিকল্পনার প্রেক্ষিতে "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" প্রকল্পের আওতার বাইরে কোন জোনে কত জায়গা খালি আছে এবং কতগুলি গাছ লাগানো যাবে তার তথ্য প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। মহাব্যবস্থাপকগণকে ২০২৫-২০২৬ অর্থবছরের অনুমোদিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। সরকারের ২৫ কোটি নতুন গাছ লাগানোর পরিকল্পনার প্রেক্ষিতে অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন প্রকল্পের আওতার বাইরে কোন জোনে কত জায়গা খালি আছে এবং কতগুলি গাছ লাগানো যাবে তার তথ্য প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (রাবার)<br>২। মহাব্যবস্থাপক রাবার বিভাগ, চট্টগ্রাম/ সিলেট/ মধুপুর জোন<br>৩। ব্যবস্থাপক (পরি. ও উন্ন. শাখা)<br>৪. সকল রাবার বাগান প্রধান<br>৫। অধ্যক্ষ, বিটিসি |
| ৮. | প্রকল্প সংক্রান্ত | প্রকল্প পরিচালক "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং নিম্নোক্ত বিষয়ে আলোচনা করেন:<br>৪৫০ একর পুনঃবাগান সৃজন কার্যক্রম মাঠপর্যায়ে চলমান। জীবনচক্র হারানো রাবার গাছ কর্তনের বিষয়ে ১৯ টি লটের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ১৩ টি লটের NOA জারী করা হয়েছে। সিলেট জোনের ১২,১৩৯ টি গাছ কর্তনের কার্যাদেশ দেওয়া হয়েছে। একই সাথে ২২/০২/২০২৬ তারিখে ০৯ টি NOA জারী করা হয়েছে যাতে করে ১৩ টি লটে মোট ২৪,৭৪৯ টি গাছ কর্তণ সম্ভব হবে, সেক্ষেত্রে সিলেট জোনে মোট গাছ কর্তন সম্ভব হবে ৩৬,৮৮৮ টি। প্রকল্প বাস্তবায়নে তিনটি জোনের মহাব্যবস্থাপক ও সকল বাগান প্রধান প্রকল্প পরিচালককে সার্বিক সহযোগিতা প্রদান করছেন। এছাড়া তিনি জানান যে, প্রকল্পের ডিপিপি –তে প্রতিটি চারার দাম ধরা হয়েছে ৬৮.৩০ টাকা অপরদিকে বিএফআইডিসির একটি চারার উত্তোলন ব্যয় ১৭০ টাকা। তিনি বিএফআইডিসির স্বার্থে কর্পোরেশনের নিকট হতে | ১। "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন পুন:বাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ ও আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের অগ্রগতি প্রকল্প পরিচালক সভাকে অবহিত করবেন।<br>২। বিএফআইডিসির সামষ্টিক স্বার্থে নির্দিষ্ট সময়ের মধ্যেই যথাযথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করতে হবে।<br>৩। মধুপুর জোনের নার্সারীতে সৃজিত ১,৩৮,৫৫০টি চারার মাধ্যমে ৩ টি জোনে ৪৫০.০ একর পুন:বাগান সৃজন যথাযথভাবে করতে হবে।<br>৪। সিলেট জোনের গাছ কর্তনের ৯টি কার্যাদেশ আগামী ০১/০৩/২০২৬ তারিখ রবিবারের মধ্যে দিতে হবে।<br>৫। প্রকল্পের বিষয়ে আলাদা সভা করতে হবে।<br>৬। বিএফআইডিসির নিকট হতে "অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন" প্রকল্পে স্বল্প মূল্যে রাবার চারা বিক্রয়ের বিষয়ে বোর্ড সভায় এজেন্ডা উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক<br>২। মহাব্যবস্থাপক (রাবার)/ (প. ও উ.)<br>৩। মহাব্যবস্থাপক (সকল জোন)<br>৪। বাগান প্রধান (সকল)<br>৫। ইউনিট প্রধান (সকল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | প্রকল্পের বর্তমান বরাদ্দকৃত দরে চারা ক্রয়ের বিষয়ে বোর্ডে এজেন্ডা উপস্থাপন করা যেতে পারে মর্মে মতামত দেন।<br><br>সভাপতি মধুপুর জোনের নার্সারীতে সৃজিত ১,৩৮,৫৫০টি চারার মাধ্যমে ৩ টি জোনে ৪৫০.০ একর পুন:বাগান সৃজন যথাযথভাবে করা, সিলেট জোনের গাছ কর্তনের ৯টি কার্যাদেশ আগামী ০১/০৩/২০২৬ তারিখ রবিবারের মধ্যে প্রদান , প্রকল্পের বিষয়ে আলাদা সভা করা ও বিএফআইডিসির নিকট হতে অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন ও রাবার প্রক্রিয়াকরণ আধুনিকায়ন প্রকল্পে স্বল্প মূল্যে রাবার চারা বিক্রয়ের বিষয়ে বোর্ড সভায় এজেন্ডা উপস্থাপন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | | |
| | | **“বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন-এর ৭টি শিল্প ইউনিটের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন”** শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা যাচাইকাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পটির ডিপিপি চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে।<br><br>এসএমপি আধুনিকায়ন ও পরিবেশ বান্ধব অবকাঠামো উন্নয়ন প্রকল্পের ডিপিপি গত ১৪-১২-২০২৫ তারিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>সিএমপি, মিরপুর, ঢাকা, কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, কালুরঘাট,চট্টগ্রাম এবং এলপিসি কাপ্তাই এর প্রকল্প সবুজ পত্রে অর্ন্তভূক্ত করতে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | ১। **“বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন-এর ৭টি শিল্প ইউনিটের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন”** শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের প্রণয়নকৃত ডিপিপি পর্যালোচনার জন্য কমিটি গঠন করতে হবে। পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। এসএমপি, চট্টগ্রামের জন্য ডিপিপি প্রণয়ন পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>৩। সিএমপি, মিরপুর, ঢাকা, কাষ্ঠ সংরক্ষণ ইউনিট, কালুরঘাট, চট্টগ্রাম এবং এলপিসি কাপ্তাই এর প্রকল্প সবুজ পত্রে অর্ন্তভূক্ত করতে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | ১। পরিচালক (পরি. ও উন্ন.)<br>২। পরিচালক (উৎ. ও বা.)<br>২। ব্যবস্থাপক (পরি. ও উন্ন.)<br>৩। ব্যবস্থাপক এসএমপি, কালুরঘাট |
| | | টেপিং বাটি প্রস্তুতের লক্ষ্যে HOPE এর অনুমোদনের প্রেক্ষিতে নোটিফিকেশন অব এওয়াড জারী করা হয়েছে।<br>সভাপতি টেপিং বাটি প্রস্তুতের লক্ষ্যে প্লান্ট স্থাপনের নিমিত্ত রাবার বিভাগ, চট্টগ্রাম জোন আইন ও বিধি মতে সকল কার্যক্রম গ্রহণের নির্দেশ দেন। | ৩। টেপিং বাটি প্রস্তুতের লক্ষ্যে প্লান্ট স্থাপনের নিমিত্ত রাবার বিভাগ, চট্টগ্রাম জোন আইন ও বিধি মতে সকল কার্যক্রম গ্রহণ করবে। | ১। মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন |
| ৯. | এসডিজি বাস্তবায়ন | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, গত ০৮/০১/২০২৬ তারিখে ত্রৈমাসিক সভা করা হয়েছে। এসডিজির সাথে সম্পৃক্ত বিএফআইডিসি'র কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>সভাপতি এসডিজি লক্ষ্যসমূহ অর্জন ও বাস্তবায়নের বিষয়ে বিএফআইডিসি'র আওতাধীন ৩টি জোনের মহাব্যবস্থাপক, রাবার বাগান ব্যবস্থাপকগণ, ইউনিট প্রধানগণ এসডিজির সাথে সম্পৃক্ত টেকসই আইডিয়া উদ্ভাবন ও প্রস্তাবের নির্দেশনা প্রদান করেন। শ্রীলংকা থেকে আমদানীকৃত নতুন জাতের ক্লোন BFRI এর তত্ত্বাবধানে দাঁতমারা রাবার বাগানে পরীক্ষামূলকভাবে চাষ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, নিয়মিত ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | ১। এসডিজির সাথে সম্পৃক্ত বিএফআইডিসি'র কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। ত্রৈমাসিক ভিত্তিতে এসডিজি বিষয়ক সভা ও ওয়ার্কশপ আয়োজন করতে হবে।<br>৩। ৩টি জোনের মহাব্যবস্থাপক, রাবার বাগান ব্যবস্থাপকগণ, ইউনিট প্রধানগণ এসডিজির সাথে সম্পৃক্ত টেকসই আইডিয়া উদ্ভাবন ও প্রস্তাব চেয়ারম্যান বরাবর দাখিল করবেন।<br>৪। শ্রীলংকা থেকে আমদানীকৃত নতুন জাতের ক্লোন BFRI এর তত্ত্বাবধানে দাঁতমারা রাবার বাগানে পরীক্ষামূলকভাবে চাষ করতে হবে। | ১। মিজ্ মাহমুদা জেসমিন, ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২। মহাব্যবস্থাপক রাবার বিভাগ, চট্টগ্রাম জোন<br>৩। মিজ্ অজন্তা দেব, উপব্যবস্থাপক (রাবার), বিকল্প ফোকাল পয়েন্ট<br>৪। বাগান প্রধান, দাঁতমারা রাবার বাগান |

<table>
<tr><th>ক্র.</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td>১০.</td><td>বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশল ২০২১-২০৩৬ বাস্তবায়ন</td><td>ফোকাল পয়েন্ট কর্মকর্তা বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশল ২০২১-২০৩৬ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও তিনি জানান এ বিষয়ে গত ০৮/০১/২০২৬ তারিখে ত্রৈমাসিক সভা করা হয়েছে।<br>সভাপতি বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশল ২০২১-২০৩৬ এর বিষয়ে সদর দপ্তরে সভা আয়োজন এবং সভায় মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে অনলাইন/অফলাইনে যুক্ত করা এবং জাতীয় সংরক্ষণ কৌশল ২০২১-২০৩৬ এর বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td>১। বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশল ২০২১-২০৩৬ এর আলোকে বিএফআইডিসি'র কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১। পরিচালক (পরি. ও উন্ন.)<br>২। মিজ্ মাহমুদা জেসমিন ,ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>৩। সাদিয়া খানম, সহ-ব্যবস্থাপক (রাবার), বিকল্প ফোকাল পয়েন্ট</td></tr>
<tr><td>১১.</td><td>সেবা সহজীকরণ</td><td>বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান আসবাবপত্র ক্রয় সেবার বিষয়ে myGov হতে সফটওয়্যারে একটি System Develop করা হয়েছে। ০৮ ও ০৯ ফেব্রুয়ারি-২০২৬ তারিখে "মাইগভ প্লাটফর্মের মাধ্যমে বিএফআইডিসি'র আসবাবপত্র ক্রয় সেবা সহজীকরণ ও এ বিষয়ে প্রস্তুতকৃত সিষ্টেম" বিষয়ক কর্মশালা করা হয়েছে।<br><br>সভাপতি দাপ্তরিক কাজে গতি বৃদ্ধি ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে বিএফআইডিসি'র উৎপাদিত আসবাবপত্র ক্রয় ও ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ক সেবা সহজীকরণ বিষয়ে গৃহীত উদ্যোগ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা দেন। এছাড়া, তিনি ফার্ণিচারের বিক্রয় বৃদ্ধিতে ওয়েবসাইট, ইউটিউব ও ফেইসবুকে প্রচারের নির্দেশ দেন।</td><td>১। দাপ্তরিক কাজে গতি বৃদ্ধি ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে বিএফআইডিসি'র উৎপাদিত আসবাবপত্র ক্রয় ও ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ক সেবা সহজীকরণ বিষয়ে গৃহীত উদ্যোগ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>২। বিএফআইডিসি সংশ্লিষ্ট ই-সেবার অগ্রগতি নিয়মিত মাইগভ প্ল্যাটফর্মে প্রেরণ করতে হবে।<br>৩। ফার্ণিচারের বিক্রয় বৃদ্ধিতে ওয়েবসাইট, ইউটিউব ও ফেইসবুকে প্রচার করতে হবে।<br>৪। প্রয়োজনীয় সফ্টওয়্যার ক্রয়ে সম্ভাব্য ব্যয় নিরুপন করে এ সংক্রান্ত প্রতিবেদন চেয়ারম্যান, বিএফআইডিসি বরাবর দাখিল করতে হবে।</td><td>১। পরিচালক (পরি. ও উন্ন.) ও ইনোভেশন অফিসার<br>২। মিজ্ মাহমুদা জেসমিন, ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>৩। জনাব মাসুদ রানা, সহকারী প্রকৌশলী, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>১২.</td><td>অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল কর্তৃক প্রস্তুতকৃত Performance Improvement Strategy of BFIDC for 2024-2029 এর সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত</td><td>সভাপতি ত্রৈমাসিক ভিত্তিতে এসংক্রান্ত সভা আয়োজন ও সভার কার্যবিবরণী উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td>১। ত্রৈমাসিক ভিত্তিতে এসংক্রান্ত সভা আয়োজন ও সভার কার্যবিবরণী উপস্থাপন করতে হবে।</td><td>১। ব্যবস্থাপক (পরি ও উঃ)</td></tr>
<tr><td>১৩.</td><td>মাঠ পর্যায়ে অফিস/শাখা পরিদর্শন</td><td>মহাব্যবস্থাপক, বিএফআইডিসি, রাবার বিভাগ চট্টগ্রাম/মধুপুর/সিলেট জোনের বাগান জানুয়ারি/ ২০২৬ পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>জোন দপ্তরের নাম</th><th>মোট অফিস/ বাগানের সংখ্যা</th><th>বাগান পরিদর্শনের সংখ্যা</th><th>মোট কতদিন পরিদর্শন করেছেন (বার)</th></tr>
<tr><td>১</td><td>চট্টগ্রাম</td><td>৯ টি</td><td>৭টি</td><td>১০বার</td></tr>
<tr><td>২</td><td>মধুপুর</td><td>৫ টি</td><td>৫ টি</td><td>১০ বার</td></tr>
<tr><td>৩</td><td>সিলেট</td><td>৪ টি</td><td>৪ টি</td><td>০৪ বার</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>১৮টি</td><td>১৬ টি</td><td>২৪ বার</td></tr>
</table>
সভাপতি, উৎপাদন বৃদ্ধির বিষয়ে মাঠ পর্যায়ে ইনসেন্টিভ দেওয়া যায় কি না, সে বিষয়ে আলোচনা করা হয়।<br>এছাড়াও সভাপতি পরিদর্শন রিপোর্ট যেন গতানুগতিক না হয় এবং সুনির্দিষ্ট মতামত উল্লেখ্য করে পরিদর্শন নির্দেশিকা মোতাবেক বাগানগুলো পরিদর্শন করে প্রাপ্ত সমস্যা ও সুপারিশ সুনির্দিষ্ট</td><td>১। গতানুগতিক পরিদর্শন পরিহার করে বাগান প্রধানগণ প্রতিদিন একবার পুরো বাগান এরিয়া পরিদর্শন করবেন। পরিদর্শনের প্রাপ্ত সমস্যা ও সুপারিশ সুনির্দিষ্ট হতে হবে এবং তা সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। উৎপাদন বৃদ্ধির বিষয়ে মাঠ পর্যায়ে ইনসেন্টিভ দেওয়া যায় কি না, সে বিষয়ে প্রস্তাব দিতে হবে।</td><td>১। মহাব্যবস্থাপক (রাবার)<br>২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম/সিলেট/ মধুপুর জোন।<br>৩। ব্যবস্থাপক (হিসাব)<br>৪। সকল বাগান প্রধান।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র.</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td></td><td></td><td>করে প্রতিবেদন প্রেরণের জন্য জোন দপ্তর ও বাগান প্রধানদের নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি জোন প্রধান/ রাবার বাগান প্রধানগণ কর্তৃক প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশ দেন।</td><td>২। জোন প্রধান/ রাবার বাগান প্রধানগণ কর্তৃক প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>রাবার বাগানসমূহের উৎপাদন ও বিক্রয়</td><td>মহাব্যবস্থাপক (রাবার) জানান যে, জানুয়ারি, ২০২৬ খ্রি.মাসে<br>(ক) সিলেট জোনের অর্জন ৯০% এবং ক্রমপুঞ্জিভূত অর্জন লক্ষ্যমাত্রার ৯২%।<br>(খ) চট্টগ্রাম জোনের অর্জন ১০৫% এবং ক্রমপুঞ্জিভূত অর্জন লক্ষ্যমাত্রার ১০০%।<br>(গ) মধুপুর জোনের অর্জন ১০২% এবং ক্রমপুঞ্জিভূত অর্জন লক্ষ্যমাত্রার ৯২%।<br><br>রাবার বিক্রয় সম্পর্কিত অগ্রগতি:<br>৪। ফেব্রুয়ারি,২৬ মাসে ২১,৪৪,০৫,০০০ টাকায় ৯৪০.০ মেট্রিক টন রাবার বিক্রয় করা হয়েছে। এছাড়া জুলাই,২৫ হতে ফেব্রুয়ারি'২৬ পর্যন্ত দেশে এবং বিদেশে ৪৩২৩.০ মেট্রিক টন রাবার ৯৯,৪৫,৪৪,৭৭৭.৯৩ টাকায় বিক্রয় করা হয়েছে।<br>৫। গত ১৫-০২-২০২৬ তারিখ পর্যন্ত বিএফআইডিসিতে সর্বমোট ৬২৬.৫৫৭ মেট্রিক টন বিভিন্ন গ্রেডের রাবার মজুদ রয়েছে মর্মে জানা যায়।<br><br>বাগানে কর্মরত টেপারদের উপস্থিতি নিশ্চিত ও মনিটরিং করার সুবিধার্থে প্রতিদিন টেপারদের হাজিরা শীট সদর দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভাপতি জোনের উৎপাদন বৃদ্ধির বিষয়ে সকল বাগানের লক্ষ্যমাত্রা অর্জন আবশ্যিকভাবে নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।</td><td>১। রাবার বাগানসমূহের উৎপাদন গত বছরের তুলনায় আরো বৃদ্ধি করতে হবে। সংশোধিত লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। নির্দেশনা মোতাবেক উৎপাদনের তুলনামূলক প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। যে সকল রাবার বাগানের উৎপাদন লক্ষ্যমাত্রার তুলনায় কম তাদের ব্যাখ্যা তলব করতে হবে।<br><br>৩। রাবার বিক্রয়ের দর নির্ধারনের বিষয়ে আলাদা সভা করতে হবে।<br><br>৪। বাগানে কর্মরত টেপারদের প্রতিদিনের হাজিরা শীট প্রস্তুত করে মহাব্যবস্থাপক (রাবার), চেয়ারম্যান মহোদয়ের নিকট বেলা ১২.০০ টার মধ্যে উপস্থাপন করবেন।</td><td>১। মহাব্যবস্থাপক (রাবার)<br>২। মহাব্যবস্থাপক, রাবার বিভাগ চট্টগ্রাম/সিলেট/ মধুপুর জোন।<br>৩। সকল বাগান প্রধান।<br>৪। উপব্যবস্থাপক (রাবার)</td></tr>
<tr><td>১৫.</td><td>রাবার উৎপাদন খরচ</td><td>রাবার উৎপাদন ব্যয় (প্রতি কেজি)<br><table>
<tr><th rowspan="2">মাস</th><th>উৎপাদন ব্যয়</th><th>উৎপাদন ব্যয়</th><th rowspan="2">শতকরা বৃদ্ধি (+)/ হ্রাস(−)</th></tr>
<tr><th>জুলাই-২৪ হতে জানুয়ারি-২০২৫</th><th>জুলাই-২৫ হতে জানুয়ারি-২০২৬</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪(৩-২)</td></tr>
<tr><td colspan="4">সিলেট জোন</td></tr>
<tr><td>আর.এস.এস</td><td>২৮৩.৪৩</td><td>৩৫০.৭৩</td><td>৬৭.৩০</td></tr>
<tr><td>টি.সি</td><td>৫৮.৬৫</td><td>৭৭.৭৪</td><td>১৯.০৯</td></tr>
<tr><td colspan="4">চট্টগ্রাম জোন</td></tr>
<tr><td>আর.এস.এস</td><td>১৫৪.০০</td><td>১৬২.০০</td><td>৮.০০</td></tr>
<tr><td>টি.সি</td><td>১৩০.০০</td><td>১২০.০০</td><td>(১০.০০)</td></tr>
<tr><td colspan="4">মধুপুর জোন</td></tr>
<tr><td>আর.এস.এস</td><td>১৪৯.৮২</td><td>১৬২.৩৫</td><td>১২.৫৩</td></tr>
<tr><td>টি.সি</td><td>৭০.০০</td><td>৭০.০০</td><td>-</td></tr>
<tr><td>মোট গড় ব্যয়</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>আর.এস.এস</td><td>১৭৪.০১</td><td>১৯০.০০</td><td>১৫.৯৯</td></tr>
<tr><td>টি.সি</td><td>১০৫.০৬</td><td>১০২.০০</td><td>(৩.০৬)</td></tr>
</table><br>সভাপতি রাবার বাগানের উৎপাদন খরচ কমানোর ও রাবার উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উৎপাদন ব্যয়ের পাশাপাশি জোনভিত্তিক আয় তুলে ধরার নির্দেশনা প্রদান করেন।<br><br>ক্রমবর্ধমান উৎপাদন খরচ সমন্বয়ের নিমিত্ত সিলেট জোনের স্থায়ী টেপার ও টেপিং সুপারভাইজারদের পর্যায়ক্রমে অন্যান্য জোনে বদলির কার্যক্রম অব্যাহত থাকবে।</td><td>১। এমআইএস শাখা প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে রাবার উৎপাদন খরচের মাসিক তুলনামূলক বিবরণী সংস্থাপন শাখায় প্রেরণ করবে। রাবার বাগানের উৎপাদন খরচ কমানোর ও রাবার উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br><br>২। উৎপাদন ব্যয়ের পাশাপাশি জোনভিত্তিক আয় তুলে ধরতে হবে।<br><br>৩। ক্রমবর্ধমান উৎপাদন খরচ সমন্বয়ের নিমিত্ত সিলেট জোনের স্থায়ী টেপার ও টেপিং সুপারভাইজারদের পর্যায়ক্রমে অন্যান্য জোনে বদলির পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া বিএফআইডিসির জনবল Rearrange করার বিষয়টি যাচাই করতে হবে।</td><td>১। পরিচালক (প. ও উ.)<br>২। মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, চট্টগ্রাম/সিলেট/ মধুপুর জোন<br>২। সকল রাবার বাগান<br>৩। ব্যবস্থাপক, এমআই এস শাখা, সদর দপ্তর, ঢাকা।</td></tr>
</table>

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |
| ১৬ | বিএফআইডিসি'র Holistic Masterplan বাস্তবায়ন সংক্রান্ত | পরিচালক (প. ও উ.) জানান যে, বিএফআইডিসি'র Holistic Masterplan বাস্তবায়ন কমিটিতে মন্ত্রণালয় থেকে প্রতিনিধি মনোনয়ন দেওয়া হয়েছে। অতি শীঘ্র প্রথম সভা আহবান করা হবে।<br>সভাপতি বিএফআইডিসি'র Holistic Masterplan বাস্তবায়নে যাবতীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। | ১। হলিস্টিক মাস্টারপ্ল্যান এবং একইসাথে বিএফআইডিসির আয়-ব্যয়ের বাজেট সংক্রান্ত সভা আহবান করতে হবে।<br>২। বিএফআইডিসি'র Holistic Masterplan বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৩। পরিচালক (উ. ও বা.) -কে সুবিধাজনক সময়ে জোন পর্যায়ে এ বিষয়ে ওয়ার্কশপ করতে হবে।<br>৪। দ্বিবার্ষিক ও ১০ বছর মেয়াদি জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন মাস্টারপ্ল্যান-কে হলিস্টিক মাস্টারপ্ল্যানের সাথে এলাইন করতে হবে। | ১। পরিচালক (প. ও উ.)<br>১। জনাব জাহান আরা, পরিচালক।<br>২। মিজ্ মাহমুদা জেসমিন, ব্যবস্থাপক |

## উৎপাদন ও বাণিজ্য বিভাগঃ

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | শিল্প ইউনিটের উৎপাদন ও বিক্রয় | শিল্প ইউনিটের ম্যানেজারগণ জানান, শিল্প ইউনিট সমূহের উৎপাদন ও লক্ষ্যমাত্রা অর্জন শতভাগ চেষ্টা করা হচ্ছে কিন্তু পিপিআর-২০২৫ হওয়ার পর তেমন কোন অর্ডার পাওয়া যাচ্ছে না।<br>অপেন টেন্ডারে বেসরকারী পার্টিদের সাথে প্রতিযোগিতা করে অর্ডার অনা খুবই কঠিন।<br>সভাপতি, ১৫ মার্চ ২০২৬ এর মধ্যে শিল্প ইউনিটসমূহের আসবাবপত্রের ডিজাইনারের বিষয়ে আলাদা সভা করা, ডিজাইনার নিয়োগের খসড়া TOR উক্ত সভায় উপস্থাপন করা সভায় শিল্প ইউনিট প্রধানগণকে অনলাইনে যুক্ত করার নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়াও বিএফআইডিসির শিল্প ইউনিটসমূহের আসবাবপত্রসমূহ সরকারি প্রতিষ্ঠানে DPM পদ্ধতিতে বিক্রয়ের ক্ষেত্রে e-GP এর আওতার বাইরে রাখার সুপারিশ প্রদানে BPPA-কে অনুরোধের জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পে বিএফআইডিসি হতে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। জেলা এবং উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরগুলোতে বিএফআইডিসি হতে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা জারির অনুরোধ করে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। যে সকল শিল্প ইউনিটের বিক্রয়ের (টাকায়)টার্গেট পূরণ হয়নি তাদেরকে ব্যাখ্যা তলব করার নির্দেশনা প্রদান করেন। | ১। শিল্প ইউনিটসমূহে শতভাগ উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। নির্দেশনা মোতাবেক উৎপাদনের তুলনামূলক প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>২। ১৫ মার্চ ২০২৬ এর মধ্যে শিল্প ইউনিটসমূহের আসবাবপত্রের ডিজাইনারের বিষয়ে আলাদা সভা করতে হবে।<br>৩। ডিজাইনার নিয়োগের খসড়া TOR উক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br>৪। উক্ত সভায় শিল্প ইউনিট প্রধানগণকে অনলাইনে যুক্ত করতে হবে।<br>৪। বিএফআইডিসির শিল্প ইউনিটসমূহের আসবাবপত্রসমূহ সরকারি প্রতিষ্ঠানে DPM পদ্ধতিতে বিক্রয়ের ক্ষেত্রে e-GP এর আওতার বাইরে রাখার সুপারিশ প্রদানে BPPA-কে অনুরোধের জন্য সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>৫। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্পে বিএফআইডিসি হতে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>৬। জেলা এবং উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরগুলোতে বিএফআইডিসি হতে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা জারির অনুরোধ করে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>৭। যে সকল শিল্প ইউনিটের বিক্রয়ের (টাকায়)টার্গেট পূরণ হয়নি তাদেরকে ব্যাখ্যা তলব করতে হবে। | ১। পরিচালক (উ. ও বা.)<br>২। শিল্প ইউনিট প্রধান (সকল)<br>৩। মহাব্যবস্থাপক (উ. ও বি.)<br>৪। উপব্যবস্থাপক (উ. ও বি.) |
| ২. | শিল্প ইউনিটের উৎপাদন খরচ | বিএফআইডিসি'র ০৮ (আট) টি শিল্প ইউনিটের ডিসেম্বর-২০২৫ মাসের উৎপাদন খরচ, বিক্রয় (টাকা) সভায় উপস্থাপন করা হলো। গত স্মারক নং-২২.০৩.০১, তারিখ: ১৪-০১-২০২৬ খ্রি.মূলে জুম প্লাটফর্ম সভায় নির্দেশনা দেয়া হয়েছে। | ১। বিএফআইডিসি'র শিল্প ইউনিটসমূহের উৎপাদন খরচের প্রতিবেদনসমূহে আসবাবপত্র তৈরি, গোলকাঠ আহরণ, কাঠ প্রক্রিয়াজাত করণের ব্যয়ের তথ্য আলাদা আলাদাভাবে প্রতি সভায় উপস্থাপন করতে হবে। বিএফআইডিসি'র শিল্প ইউনিটসমূহের উৎপাদন খরচ কমাতে হবে। | ১। পরিচালক (উ. ও বা.)<br>২। শিল্প ইউনিট প্রধান (সকল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩. | শিল্প ইউনিটসমূহের অনাদায়ি পাওনা টাকা আদায় | মহাব্যবস্থাপক (উ. ও বি.) জানান যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় পত্র নং-২২.০০.২১, তারিখ:০২-১১-২০২৫ খ্রি. মূলে আইন-২ শাখা হতে পাওনা অর্থ আদায়ের বিষয়ে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়ে তাগিদ পত্র প্রেরণ করা হয়। এছাড়াও স্মারক নং-২২.০০.২০০৯(অংশ-১)-০৪, তারিখ: ০১-০১-২০২৫ খ্রি. মূলে গোপালগঞ্জ প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পাওনা অর্থ আদায়ের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়।<br>শিল্প ইউনিট ও জোন দপ্তর ও রাবার বাগানে অনাদায়ী পরিশোধ/সমন্বয়ের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কার্যক্রম চলমান।<br><br>সভাপতি শিল্প ইউনিটসমূহের অনাদায়ি পাওনা টাকা আদায়ের বিষয়ে সর্বোচ্চ সচেষ্ট হওয়ার তাগিদ দেন। আন্তঃইউনিটের দেনা-পাওনার বিষয়ে বিভিন্ন অডিট আপত্তি হচ্ছে এবং এ মাসের মধ্যেই দেনা-পাওনা রিকনসাইল করে আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। আন্তঃইউনিটের দেনা/পাওনা রিকনসাইল করে পরিশোধ/সমন্বয়ের কাজ সম্পন্ন করতে হবে।<br>২। শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরিত উপানুষ্ঠানিক পত্রের ফলোআপ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। কোন কোন শিল্প ইউনিট/বাগান কত টাকা পাবে তা আন্তঃইউনিটের দেনা/পাওনা রিকনসাইল করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উ. ও বি.)<br>২। শিল্প ইউনিট প্রধান (সকল) |
| ৪. | বিএফআইডিসি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র | এ বিষয়ে গত স্মারক নং-২২.০৩.০১, তারিখ: ১৪-০১-২০২৬ খ্রি. মূলে জুম প্লাটর্ফম সভায় নির্দেশনা দেয়া হয়। | ১। বিএফআইডিসি'র বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্রে প্রতিটি শিল্প ইউনিটকে রুচিসম্মত ও নান্দনিক আসবাবপত্র বাছাই করে তা সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১। শিল্প ইউনিট প্রধান (সকল) |
